



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

ফোন : ৯৫৫৬৯১১, ৯৫১৪৬৯২
পিএবিএক্স : ৯৫৬০০২১-২৫/২২৩৩
৯৫৬০০৩১-৩৫/২২৭৪
ই-মেইল : dgmpd2@krishibank.org.bd
www.krishibank.org.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ১

প্রশাসন পরিপত্র নং- ০৩/২০২০

তারিখ : ১৪-০১-২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ শৃংখলাজনিত মোকদ্দমার চার্জশীট, তদন্ত প্রতিবেদন এবং রায়ে বাধ্যতামূলক তথ্য সন্নিবেশ প্রসঙ্গে।

Corporate Memory Management Systems (CMMS) বাংলাদেশ ব্যাংকের একটি গুয়েব বেইজ্জ এ্যাপ্লিকেশন। এই এ্যাপ্লিকেশনে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের শৃংখলাজনিত মোকদ্দমায় সাজাশাস্তি কর্মকর্তা/কর্মচারীর তথ্য আপলোড করা বাধ্যতামূলক। বাংলাদেশ ব্যাংকের বিশদ পরিদর্শন দলের চাহিদা মোতাবেক বাংলাদেশ ব্যাংকের ইনহাউজ এ্যাপ্লিকেশন CMMS পোর্টালে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সাজা প্রাপ্ত ব্যক্তিদের তথ্য আপলোডের প্রমানক উপস্থাপন করতে হয়।

০২। সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয়/হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(শৃংখলা) এর শৃংখলাজনিত মোকদ্দমার রায়ে **Corporate Memory Management Systems (CMMS)** এ আপলোড করার জন্য প্রয়োজনীয় তথ্যসমূহ পূর্ণাঙ্গভাবে সন্নিবেশিত হয় না। তাছাড়া কিছু তথ্য কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতেও রক্ষিত থাকে না।

০৩। চাকুরী জীবনের এক পর্যায়ে কর্মকর্তা/কর্মচারীর স্থায়ী ঠিকানা সময়ের ব্যবধানে অনেক সময় পরিবর্তন হয়ে যায়, অথচ ব্যক্তিগত নথিতে রক্ষিত ঠিকানা হালনাগাদ করা হয় না। ঠিকানা পরিবর্তনের এই বিষয়টি অনেক সময় জটিলতা সৃষ্টি করে।


০৪। পরিপত্রটি জারীর পর হতে যে কোন শৃংখলাজনিত মোকদ্দমার চার্জশীট, তদন্ত প্রতিবেদন এবং রায়ে আবশ্যিকভাবে অন্যান্য সাধারণ তথ্যের পাশাপাশি নিম্নোক্ত ছকে নির্ধারিত তথ্যসমূহ বাংলা ও ইংরেজীতে সন্নিবেশ করতে হবে :

Information for Corporate Memory Management Systems (CMMS)									
	Name	PF Index	Date of Birth	National ID	Passport NO	Father's Name	Mather's Name	Permanent Address	Present Address
In English									
	নাম	জন্মসূচক নং	জন্ম তারিখ	জাতীয় পরিচয় পত্র	পাসপোর্ট নম্বর	পিতার নাম	মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
বাংলায়									

০৫। শৃংখলাজনিত মোকদ্দমার তদন্ত কমিটি তাদের স্বাভাবিক তদন্ত কার্যক্রমের পাশাপাশি উপরে বর্ণিত ছকে সরেজমিনে হালনাগাদ তথ্য সংগ্রহ করে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করবেন, যা পরবর্তীতে শৃংখলাজনিত মোকদ্দমার সকল প্রক্রিয়ায় উপরোক্ত তথ্যসমূহ আবশ্যিকভাবে ব্যবহার করতে হবে।

০৬। উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে -


১৪.০১.২০২০
(মোহাম্মদ সেলিম খান)


সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)

নং প্রকা/এইচআরএমডি-১/সেকশন-২/৩৭(২)(২৭)/২০১৯-২০২০/১৪৩৫(১২৫০)

তারিখ : ১৪-০১-২০২০ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি/অধ্যক্ষ (মহাব্যবস্থাপক) বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল গুয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থায়ী মুখ্য কার্যালয় ও কর্পোরেট শাখাসহ)।
- ০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ০৯। নথি/মহানথি।


১৪/০১/২০২০
(নাম প্রসাদ ঘোষ)
সহকারী মহাব্যবস্থাপক